২০২৫-২০২৭ চক্রের ''উপজেলা ভিডব্লিউবি উপকারভোগী বাছাই/ নির্বাচন কমিটি''র সভার কার্য বিবরণী।

সভাপতি ঃ জনাব শাম্মী আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, বাঘা, রাজশাহী।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, বাঘা, রাজশাহী।
সভার তারিখ ও সময়ঃ ১৫/০৭/২০২৫ খ্রিঃ, সময়ঃ-বেলা -১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদসবৃন্দের স্বাক্ষরঃ-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| ০১। | উপজেলা নির্বাহী অফিসার, বাঘা, রাজশাহী | সভাপতি |
| ০২। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, বাঘা,রাজশাহী। | সদস্য |
| ০৩। | উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘা, রাজশাহী | '' |
| ০৪। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘা, রাজশাহী | '' |
| ০৫। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বাঘা, রাজশাহী | '' |
| ০৬। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | '' |
| ০৭। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘা, রাজশাহী। | '' |
| ০৮। | প্রশাসক, বাজুবাঘা ইউপি, বাঘা, রাজশাহী। | '' |
| ০৯। | প্রশাসক, গড়গড়ী ইউপি, বাঘা, রাজশাহী। | '' |
| ১০। | প্রশাসক, পাকুড়িয়া ইউপি, বাঘা, রাজশাহী। | '' |
| ১১। | প্রশাসক, মনিগ্রাম ইউপি, বাঘা, রাজশাহী। | '' |
| ১২। | প্যানেল চেয়ারম্যান, বাউসা ইউপি, বাঘা, রাজশাহী। | '' |
| ১৩। | প্যানেল চেয়ারম্যান, আড়ানী ইউপি, বাঘা, রাজশাহী। | '' |
| ১৪। | প্রশাসক, চকরাজাপুর ইউপি, বাঘা, রাজশাহী। | '' |
| ১৫। | ম্যানেজার, সমতা নারী কল্যাণ সংস্থা (সহযোগী এনজিও) বাঘা, রাজশাহী। | '' |
| ১৬। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘা, রাজশাহী। | সদস্য সচিব |

আলোচ্য বিষয়ঃ-

০১। ২০২৫-২০২৬ ভিডব্লিউবি চক্রের নির্বাচিত উপকারভোগীদের তালিকা অনুমোদন প্রসঙ্গে।
০২। বিবিধ

সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

কমিটির সদস্য সচিব ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গত সভার কার্য বিবরণী সভায় পাঠ করে শোনান। অতঃপর তাতে কোন সংশোধনী ও পরিবর্তন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।

আলোচনা-০১। ২০২৫-২০২৭ ভিডব্লিউবি চক্রের নির্বাচিত উপকারভোগীদের তালিকা অনুমোদন প্রসঙ্গে।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা , মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং- ৩২.০০.০০০০.০২৯.০৬.০১১.২৪-৩৯৭, তারিখ-২২/১০/২০২৪ খ্রিঃ এর মাধ্যমে জারীকৃত ''ভালনারেবল উইমেন বেনেফিট'' (ভিডব্লিউবি) কর্মসূচী''র আওতায় পরবর্তী ২৪ মাস চক্রের (১ জুলাই ২০২৫ হতে ৩০ জুন ২০২৭) ভিডব্লিউবি উপকারভোগী বাছাই/নির্বাচন সংক্রান্ত পরিপত্রটি পূনরায় সভায় পাঠ করে শোনান।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা আরও জানান যে, গত ১৬/০৬/২০২৫ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত ''উপজেলা ভিডব্লিউবি উপকারভোগী বাছাই/নির্বাচন কমিটি''র সভার সিদ্ধান্ত মোতাবেক ''ভালনারেবল উইমেন বেনেফিট'' (ভিডব্লিউবি) কর্মসূচির আওতায় পরবর্তী ২৪ মাস চক্রের (১ জুলাই ২০২৫ হতে ৩০ জুন ২০২৭) ভিডব্লিউবি উপকারভোগী বাছাই/নির্বাচন এর জন্য রাজশাহী জেলাধীন বাঘা উপজেলার সাতটি ইউনিয়ন হতে ইউনিয়ন কমিটি কর্তৃক উপকারভোগীদের নামের প্রাথমিক তালিকা পাওয়া যায়। ০৭টি ইউনিয়ন কর্তৃক প্রদত্ত তালিকা যাচাই-বাছাই করা হয়। উপজেলা কমিটি যাচাই-বাছাইকৃত তালিকা ছক-০৩ মোতাবেক ভিডব্লিউবি ওয়েব সাইডে এ্যান্টি দেওয়া হয়। ছক-০৩ এর তালিকা অনুমোদনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্তঃ -০১। সভায় প্রাপ্ত তালিকাগুলোতে কোন আপত্তি না থাকায় সাতটি ইউনিয়নের ২০৬৩ জন ভিডব্লিউবি উপকারভোগীদের নামের তালিকা নিম্নের সিডিউল মোতাবেক সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| ক্রঃ নং | ইউপির নাম | বরাদ্দকৃত কার্ড সংখ্যা | ইউপি হতে যাচাই-বাছাইকৃত কার্ড সংখ্যা | উপজেলা কমিটি কর্তৃক অনুমোদিত কার্ড সংখ্যা | অপেক্ষমান কার্ড সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | বাজুবাঘা | ২০৬ জন | ২৭৪ জন | ২০৬ জন | ২১ জন | |
| ০২ | গড়গড়ী | ২৩৮ জন | ৩৪০ জন | ২৩৮ জন | ২৪ জন | |
| ০৩ | পাকুড়িয়া | ৩০৬ জন | ৩৪১ জন | ৩০৬ জন | ৩১ জন | |
| ০৪ | মনিগ্রাম | ৪৬৮ জন | ৫৩৩ জন | ৪৬৮ জন | ৪৭ জন | |
| ০৫ | বাউসা | ৪৪৫ জন | ৫০৮ জন | ৪৪৫ জন | ৪৫ জন | |
| ০৬ | আড়ানী | ১৬৩ জন | ২১২ জন | ১৬৩ জন | ১৭ জন | |
| ০৭ | চকরাজাপুর | ২৩৭ জন | ২৫৫ জন | ২৩৭ জন | ২৪ জন | |
| | মোট | ২,০৬৩ জন | ২৪৬৩ জন | ২,০৬৩ জন | ২১১ জন | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৭/০৭/২৫
(শাম্মী আক্তার)
উপজেলা নির্বাহী আফিসার
ও
সভাপতি
উপজেলা ভিডব্লিউবি বাস্তবায়ন কমিটি
বাঘা, রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
বাঘা, রাজশাহী।

স্মারক নং-৩২.০১.৮১১০.০০০.০১.০২৮.১৮-১১৫ তারিখ-১৫/০৭/২০২৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

০১। উপ-পরিচালক (ভিডব্লিউবি), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
০৩। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী।
০৪। প্রশাসক/ প্যানেল চেয়ারম্যান, ........................,ইউ,পি, বাঘা, রাজশাহী।
০৫। উপজেলা ............................কর্মকর্তা, বাঘা, রাজশাহী।
০৬। জনাব,....................................................,বাঘা, রাজশাহী।
০৭। অফিস কপি।

(নাসরিন আকতার)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
বাঘা,রাজশাহী।